

# **া** রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৩২০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩১৫]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৪০ : পিতা-মাতার সাথে সদ্যবহার এবং আত্মীয়তা অক্ষুণ্ণ রাখার গুরুত্ব

بَابُ بِرِّ الْوَالِدَيْنِ وَصِلَةِ الأَرْحَامِ \_ (40)

### আরবী

وَعَنهُ، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم: «إنَّ اللهَ تَعَالَى خَلَقَ الخَلْقَ حَتَّى إِذَا فَرَغَ مِنْهُمْ قَامَتِ الرَّحِمُ، فَقَالَتْ: هَذَا مَقَامُ العَائِذِ بِكَ مِنَ القَطِيعةِ، قَالَ: نَعَمْ، أَمَا تَرْضَيْنَ أَنْ أَصِلَ مَنْ وَصَلَكِ، وَأَقْطَعَ مَنْ قَطَعَكِ ؟ قَالَتْ: بَلَى، قَالَ: فَذَلِكَ لَك، ثُمَّ قَالَ رَسُول الله صلى الله عليه وسلم: «اقْرَوُوا إنْ شِئْتمْ: ﴿ فَهِل عَسيتم إن توليتم أن تفسدوا في الأرض وتقطعوا أرحامكم. أولئك الذين لعنهم الله فأصمهم وأعمى أبصارهم ٢٢ ﴾ [محمد: ٢٢، ٢٣] مُتَّفَقٌ عَلَيهِ

وفي رواية للبخاري: فَقَالَ الله تَعَالَى: مَنْ وَصلَك، وَصلَتُهُ، وَمَنْ قَطَعَك، قَطَعْتُهُ

#### বাংলা

8/৩২০। আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু 'আনহু থেকেই বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''আল্লাহ সকল কিছুকে সৃষ্টি করলেন। অতঃপর যখন তিনি সৃষ্টি কাজ শেষ করলেন, তখন আত্মীয়তার সম্পর্ক উঠে বলল, '(আমার এই দন্ডায়মান হওয়াটা) আপনার নিকট বিচ্ছিন্নতা থেকে আশ্রয়প্রার্থীর দন্ডায়মান হওয়া।' তিনি (আল্লাহ) বললেন, 'হ্যাঁ তুমি কি এতে সম্ভুষ্ট নও যে, তোমার সাথে যে সুসম্পর্ক রাখবে, আমিও তার সাথে সুসম্পর্ক রাখব। আর যে তোমার থেকে সম্পর্ক ছিন্ন করবে, আমিও তার সাথে সম্পর্ক ছিন্ন করব।' সে (রক্ত সম্পর্ক) বলল, 'অবশ্যই।' আল্লাহ বললেন, 'তাহলে এ মর্যাদা তোমাকে দেওয়া হল।"

অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "তোমরা চাইলে (এ আয়াতটি) পড়ে নাও; ক্ষমতায় অধিষ্ঠিত হলে সম্ভবতঃ তোমরা পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করবে এবং তোমাদের আত্মীয়তার বন্ধন ছিন্ন করবে। ওরা তো তারা, যাদেরকে আল্লাহ অভিশপ্ত করে বধির ও দৃষ্টিশক্তিহীন করেন।" (সূরা মুহাম্মাদ ২২-২৩ আয়াত) (বুখারী ও মুসলিম) বুখারীর অন্য বর্ণনায় ভিন্ন শব্দ বর্ণিত হয়েছে। [1]



## **English**

(40) Chapter: Kind Treatment towards Parents and establishment of the ties of Blood Relationship

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

Messenger of Allah (ﷺ) said, "Allah created all the creatures and when He finished the task of His creation, Ar-Rahm (ties of relationship) said: '(O Allah) at this place I seek refuge with You against severing my ties.' Allah said: 'That I treat with kindness those who treat you with kindness and sever ties with those who sever ties with you.' It said: 'I am satisfied.' Allah said: 'Then this is yours". Then Messenger of Allah (ﷺ) said, "Recite this Ayah if you like: 'Would you then, if you were given the authority, do mischief in the land, and sever your ties of kinship? Such are they whom Allah has cursed, so that He has made them deaf and blinded their sight". (47:22,23).

[Al-Bukhari and Muslim].

The words in Al-Bukhari are: Messenger of Allah (ﷺ) said, "Allah (SWT) says: 'He who maintains good ties with you, I maintain good ties with him; and he who severs your ties, I sever ties with him".

Commentary: This Hadith also stresses the importance of proper treatment with relatives for the reason that this is a special means of attaining the nearness and Mercy of Allah. A conduct contrary to it, that is to say, devouring the rights of relatives and continuation of estrangement with them, is the cause of displeasure and Wrath of Allah

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৫৯৮২, ৪৮৩২, ৫৯৮৮, ৭৫০২, মুসলিম ২৫৫৪, আহমাদ ৭৮৭২, ৮১৬৭, ৮৭৫২, ৯০২০, ৯৫৬১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22751

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন